গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২০০-আইন/২০২৪/৫২/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত উপকরণসমূহকে, উহাদের উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, রেগুলেটরি শুল্ক এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে), নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 28.15 | 2815.12.00 | Caustic Soda |
| 28.30 | 2830.10.00 | Sodium sulphide |
| 28.32 | 2832.20.00 | Hydros |
| 28.33 | 2833.11.00 | Disodium Sulphate |
| 28.36 | 2836.20.00 | Soda ash |
| 32.04 | 3204.13.90 | Basic dye |
| | 3204.15.00 | Vat dye |
| 54.02 | 5402.47.00 | Polyester yarn |
| | 5402.52.00 | Polyester yarn |
| 56.05 | 5605.00.10 | Metalized round yarn |
| | 5605.00.90 | Other metalized yarn |

**শর্তাবলি**

(১) TABLE এ উল্লিখিত উপকরণ বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক নিবন্ধিত তাঁতী সমিতি কর্তৃক কেবলমাত্র তাঁত শিল্পে ব্যবহারের জন্য আমদানি করিতে হইবে;

(২) TABLE এর Heading 56.05 ভুক্ত পণ্যসমূহ নিবন্ধিত জামদানি তাঁতী সমিতি কর্তৃক আমদানিযোগ্য হইবে;

(৩) আমদানিকৃত উপকরণ শুধু নিবন্ধিত তাঁত শিল্পে ব্যবহার করিতে হইবে এবং এই মর্মে আমদানিকারক কর্তৃক ৩ (তিন) শত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;

(৪) তাঁতী সমিতির সদস্যের প্রয়োজনের ভিত্তিতে নিরুপিত প্রতিটি তাঁতী সমিতি কর্তৃক প্রতিবারে TABLE এ বর্ণিত পণ্যের মধ্যে যে সকল পণ্য যেই পরিমানে আমদানি করা যাইবে তাহা বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃপক্ষ নিরুপন করিয়া চেয়ারম্যান, তাঁত বোর্ড এর স্বাক্ষরে সংশ্লিষ্ট কাস্টম স্টেশনের কমিশনারকে পণ্য আমদানির পূর্বেই অবহিত করিবেন;

(৫) আমদানিকৃত পণ্য তাঁতী সমিতির সদস্যদের মধ্যে কিভাবে বন্টন করা হইবে তাহা তাঁত বোর্ড কর্তৃপক্ষ পূর্বাহ্নেই স্থানীয় মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়কে অবহিত করিতে হইবে;

(৬) স্থানীয় মূল্য সংযোজন কর বিভাগীয় কর্তৃপক্ষ শর্ত (৫) অনুসারে বন্টনকৃত পণ্য সদস্যগণ কর্তৃক যথাযথ উদ্দেশ্যে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা যাচাইপূর্বক সংশ্লিষ্ট কাস্টম স্টেশনের কমিশনার বরাবরে একটি প্রতিবেদন প্রেরণ করিবেন;

(৭) শর্ত (৬) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত উপকরণ আমদানিকারক কর্তৃক তাঁত শিল্পে আংশিকভাবে ব্যবহৃত হইয়াছে বা ব্যবহৃত হয় নাই তাহা হইলে প্রযোজ্য হারে শুল্ক, কর এবং জরিমানা (fine) আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

২। ৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৪৬-আইন/২০১৫/২৬/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট**

**[শর্ত (৩) দ্রষ্টব্য]**

**অঙ্গীকারনামা**

আমি ------------------------------------ মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ------------------------------------------------------------ (সমিতি/প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার সমিতি/ প্রতিষ্ঠানটি তাঁত বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর .......................)। আমি ঋণপত্র নং---------------------------------------, তারিখঃ--------------, ইনভয়েস নং------------------------------, তারিখঃ --------------------, বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ---------------------- তারিখঃ ----------------- এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ তাঁত বস্ত্র উৎপাদনে ব্যবহার করিব এবং উহার কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক-কর পরিশোধ ছাড়াও কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর অধীন শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোন শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর: ........................................................

তারিখ: মালিক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালকের নাম: ....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: ................................. ।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**

**সিনিয়র সচিব।**